ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪২২

শান্তিরবাজার, ১৯ আগস্ট,২০২৫

**শান্তিরবাজারে জেলাভিত্তিক মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ শান্তিরবাজারের কোয়াইফাং কমিউনিটি হলে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৭তম জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত বলেন, মহারাজা বীরবিক্রমের রাজত্বকালেই রাজ্যের শিক্ষা, সংস্কৃতি, চিকিৎসা, শিল্প ইত্যাদির উন্নয়ন হয়। তাই তাঁকে আধুনিক ত্রিপুরার রূপকার হিসেবে অভিহিত করা হয়েছে। মহারাজার দেখানো পথকে অনুসরণ করেই বর্তমান রাজ্য সরকার জনকল্যাণে কাজ করে যাচ্ছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন এম.ডি.সি. সঞ্জীব রিয়াং, জোলাইবাড়ি বি.এ.সি.-র ভাইস চেয়ারম্যান জিতিরাম ত্রিপুরা, টি.টি.এ.এ.ডি.সি.-র দক্ষিণ ত্রিপুরা জোনালের চেয়ারম্যান নারায়ণ রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, জোলাইবাড়ি ব্লকের বিডিও নবব্রত দত্ত, বিশিষ্ট সমাজসেবী সুজিত দত্ত প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, শান্তিরবাজার পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শম্ভু মানিক, জোলাইবাড়ি বি.এ.সি. চেয়ারম্যান অশোক মগ প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ মহারাজার প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান। এছাড়াও অনুষ্ঠানে স্থানীয় শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*****